



প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
৩ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০



বিষয়ঃ পিআইবিতে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা পর্যালোচনা সংক্রান্ত
ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ আফরাজুর রহমান পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	১৭ আগস্ট ২০২২ খ্রি.
সভার সময়	সকাল ১০০০টা
স্থান	পরিচালক (প্রশাসন)-এর দপ্তর
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)-এর ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ অনুসারে দফাওয়ারি কার্যক্রম উপস্থাপনের জন্য ইনোভেশন টিমের সদস্য ও উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব) জনাব মো. জাকির হোসেন-কে আহ্বান জানান। তিনি জানান, গত ৪ আগস্ট ২০২২ খ্রি. তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের চীফ ইনোভেশন অফিসার এর সভাপতিত্বে অনুষ্ঠিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী পাওয়া গেছে। তিনি উক্ত কার্যবিবরণী পড়ে শোনান। সভাপতি মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকার অনুরোধ জানান। মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা গত ৭ আগস্ট ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পিআইবি ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী পড়ে শোনান। তিনি জানান গত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণ শাখার সংশ্লিষ্ট অস্থায়ী কর্মকর্তাদের ই-নথিতে যুক্ত করা হয়েছে। এছাড়া গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পিআইবিতে ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ পর্যালোচনাপূর্বক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ছক অনুযায়ী ডাটাবেজ তৈরি করার জন্য একটি খসড়া উপস্থাপন করেন। খসড়া অনুযায়ী সকল সেবাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। এতে সকল সদস্য অংশ নেন। আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ	
১।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদন সূচক [১.১.১] অনুযায়ী ন্যূনতম একটি সেবাসহজিকরণ ও একটি ডিজিটাইজেশনের ধারণা নির্ধারণ ও বাস্তবায়নের জন্য কর্মসম্পাদন সূচক [২.২.১] অনুযায়ী পিআইবি'র উপযুক্ত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আগামী ৭ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত একটি প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।
২।	পিআইবি'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী সাংবাদিকদের ডাটাবেজে নিয়মিতভাবে তথ্যাদি সংরক্ষণের জন্য প্রশিক্ষণ বিভাগের সংশ্লিষ্টদের দায়িত্ব দিয়ে অফিস আদেশ করা যেতে পারে।
৩।	৬তলা ভবনের দ্বিতীয় তলায় স্থাপিত ডিজিটাল হাজিরা মেশিনটি (বর্তমানে অব্যবহৃত) স্থানান্তর করে নীচতলায় স্থাপন এবং ৮ম তলা ভবনের নীচতলায় নতুন একটি ডিজিটাল হাজিরা মেশিন ক্রয়পূর্বক স্থাপন করা যেতে পারে।
৪।	গ্রন্থাগারের সকল বইয়ের তালিকা ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত রয়েছে। ইতিপূর্বে কিছু বইয়ের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। সে অনুযায়ী বইয়ের হালনাগাদ তালিকা ০৩ (তিন) মাস পর পর মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব) জনাব মোহাম্মদ আফতাব উদ্দীন ভূঞা এর নিকট প্রেরণ করার জন্য লাইব্রেরিয়ান/ক্যাটালগার কে অনুরোধ করা যেতে পারে।
৫।	রকমারি ডট কম এবং বাতিঘরের সঙ্গে বই বিক্রির যে চুক্তি রয়েছে তা পর্যালোচনাপূর্বক হালনাগাদ রাখার জন্য প্রকাশনা ও ফিচার বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করা যেতে পারে।
৬।	পিআইবি ফেসবুক পেইজ ও ইউটিউব চ্যানেলে পিআইবি'র বিভিন্ন তথ্য, ছবি ও ভিডিও আপলোডের জন্য রিপোর্টার (অস্থায়ী) জনাব এম এম নাজমুল হাসান ও ফটোগ্রাফার (অস্থায়ী) জনাব ওয়াসিম আকরাম-কে দায়িত্ব দেয়া যেতে পারে।

৭।	ক্লাস রুম আধুনিকায়নের আওতায় ৬তলা ভবনের সেমিনার কক্ষে একটি মাল্টিমিডিয়া প্রজেক্টর ও একটি স্ক্রিন লাগানো যেতে পারে।
----	--

এছাড়া সভাপতি ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ নির্ধারিত সময় অনুযায়ী যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোহাম্মদ আফরাজুর রহমান
পরিচালক (প্রশাসন)

স্মারক নম্বর: ১৫.৬২.০০০০.০০২.১৬.০০৪.১৭.১৮৪

তারিখ: ৭ ভাদ্র ১৪২৯

২২ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (প্রশাসন), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ২) গবেষণা বিশেষজ্ঞ (তথ্য প্রযুক্তি), (চলতি দায়িত্ব) গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৩) উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৪) প্রভাষক, অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)
- ৫) মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ, প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি)



মো. জাকির হোসেন
উপপরিচালক (প্রশাসন) (চলতি দায়িত্ব)